



বিজ্ঞপ্তি নং- ২১১

এ,

তারিখঃ ২৭ বৈশাখ ১৪২৭ বঙ্গাব্দ
১০ মে ২০২০ খ্রিস্টাব্দ


বিষয়ঃ তথ্য-প্রযুক্তি ব্যবহার করে ভার্সুয়াল উপস্থিতির মাধ্যমে জরুরী জামিন সংক্রান্ত বিষয়সমূহ নিষ্পত্তি করার উদ্দেশ্যে ছুটিকালীন আদালতের কার্যক্রম পরিচালনাকরণ প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ে নির্দেশিত হয়ে জানানো যাচ্ছে যে, দেশব্যাপী করোনা ভাইরাস রোগ (কোভিড-১৯) এর সংক্রমণ মোকাবেলা এবং এর ব্যাপক বিস্তার রোধকল্পে সতর্কতামূলক ব্যবস্থা হিসেবে আগামী ১৬ মে, ২০২০ তারিখ পর্যন্ত সকল আদালতে ছুটি ঘোষণা করা হয়েছে।

২। উদ্ভূত পরিস্থিতিতে ছুটির সময়ে (সাপ্তাহিক ছুটি ও বাংলাদেশ সরকার কর্তৃক ২০২০ খ্রিস্টাব্দের বর্ষপঞ্জিতে ঘোষিত ছুটি ব্যতিত) বাংলাদেশের প্রত্যেক জেলার জেলা ও দায়রা জজ, মহানগর এলাকার মহানগর দায়রা জজ, নারী ও শিশু নির্যাতন দমন ট্রাইব্যুনালের বিচারক, বিশেষ জজ, শিশু আদালতের বিচারক, সন্ত্রাস দমন ট্রাইব্যুনালের বিচারক, দ্রুত বিচার ট্রাইব্যুনালের বিচারক ও জননিরাপত্তা বিঘ্নকারী অপরাধ দমন ট্রাইব্যুনালের বিচারক-কে -কে এবং চীফ জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট/চীফ মেট্রোপলিটন ম্যাজিস্ট্রেট নিজে অথবা তাঁর নিয়ন্ত্রনাধীন এক বা একাধিক ম্যাজিস্ট্রেট দ্বারা- “আদালত কর্তৃক তথ্য-প্রযুক্তি ব্যবহার অধ্যাদেশ, ২০২০”(অধ্যাদেশ নং-০১, ২০২০) এবং অত্র কোর্ট কর্তৃক জারীকৃত “বিশেষ প্রাকটিস নির্দেশনা” অনুসরণ করতঃ শুধু জামিন সংক্রান্ত বিষয়সমূহ তথ্য-প্রযুক্তি ব্যবহার করে ভার্সুয়াল উপস্থিতির মাধ্যমে নিষ্পত্তি করার উদ্দেশ্যে আদালতের কার্যক্রম পরিচালনার জন্য নির্দেশ প্রদান করা হলো।

৩। এই আদেশ অবিলম্বে কার্যকর হবে এবং পরবর্তী নির্দেশ না দেওয়া পর্যন্ত বলবৎ থাকবে।

বাংলাদেশের প্রধান বিচারপতির আদেশক্রমে


(মোঃ আলী আকবর)
রেজিস্ট্রার জেনারেল
ফোনঃ ৯৫৬২৭৮৫

ই-মেইল: rg@supremecourt.gov.bd


স্মারক নং- ২৭৫৮

এ,

তারিখঃ ২৭ বৈশাখ ১৪২৭ বঙ্গাব্দ
১০ মে ২০২০ খ্রিস্টাব্দ

কার্যার্থে ও জ্ঞাতার্থে বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)ঃ-

১. সচিব, আইন ও বিচার বিভাগ, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
২. রেজিস্ট্রার, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, হাইকোর্ট বিভাগ/আপীল বিভাগ, ঢাকা
৩. জেলা জজ/মহানগর দায়রা জজ/বিশেষ জজ (সকল)
৪. বিচারক, নারী ও শিশু নির্যাতন দমন ট্রাইব্যুনাল /শিশু আদালত/সন্ত্রাস দমন ট্রাইব্যুনাল/দ্রুত বিচার ট্রাইব্যুনাল/জননিরাপত্তা বিঘ্নকারী অপরাধ দমন ট্রাইব্যুনাল (সকল)
৫. চীফ জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট/চীফ মেট্রোপলিটন ম্যাজিস্ট্রেট, (সকল) (অধীনস্থ বিচার বিভাগীয় কর্মকর্তাদের অবগত করার অনুরোধ করা হলো)
৬. সভাপতি/সেক্রেটারী, জেলা আইনজীবী সমিতি, (সকল)
৭. প্রধান বিচারপতির সচিব/ একান্ত সচিব বাংলাদেশ সুপ্রীম কোর্ট, হাইকোর্ট বিভাগ/আপীল বিভাগ, ঢাকা
৮. সিস্টেম এনালিস্ট, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, হাইকোর্ট বিভাগ, ঢাকা (সুপ্রীম কোর্টের ওয়েবসাইটে প্রচারের অনুরোধসহ)।
৯. নোটিশ বোর্ড।


(মোহাম্মদ আজরুজ্জামান ভূঁইয়া)
ডেপুটি রেজিস্ট্রার (প্রশাসন ও বিচার)